

শরণখোলায় ডিএন কলেজ ও বাজারে হামলা-ভাঙচুর

■ শরণখোলা (বাগেরহাট) সংবাদদাতা

বাগেরহাটের শরণখোলায় ড. মাসুম বিল্লাহ ডিএন কারিগরি কলেজের কার্যালয় এবং পাহলানবাড়ি বাজারের দুটি দোকানে হামলা ছাড়াও একটি মোটরসাইকেল ভাঙচুরের ঘটনা ঘটেছে। গতকাল বুধবার সকাল ১০টার দিকে এ ঘটনা ঘটে।

কলেজ গভর্নিংবডি'র সভাপতি মাওলানা সিদ্দিকুর রহমান জানান, মঙ্গলবার দুপুরে উপজেলার ছুটুখার বাজার এলাকায় মারধরে আহত হয় আলআমিন নামের এক ছাত্রকে। এ ঘটনার জের ধরে গতকাল বুধবার সকাল ১০টার দিকে ৪০-৪২ জনের একটি দল কলেজের অফিসের ৪-৫টি কম্পিউটার এবং জানালার খাই গ্লাস ভাঙচুর করে। এ সময় ভয়ে ছাত্র-ছাত্রীরা দ্রুত ক্যাম্পাস ত্যাগ করে। পরে সাড়ে ১০টার দিকে পার্শ্ববর্তী পাহলানবাড়ি বাজারের গিয়ে হাফিজুর রহমানের ছেলে পারভেজকে পিটিয়ে আহত এবং তার একটি মোটরসাইকেল ভাঙচুর ছাড়াও দুটি দোকানে ভাঙচুর চালানো হয়। শরণখোলা থানার ওসি মো. শাহ আলম বলেন, 'এ ঘটনায় থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।'